নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক-আপডেট/২০২৫/২৩৮৬ ২৪ ডিসেম্বর ২০২৫

## নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের মাসিক হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার ওয়ার্কশপ, সেমিনার, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ৬ষ্ঠ সভায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) তৃতীয় একাডেমিক ভবন ও কেন্দ্রীয় গবেষণাগারসহ বিভিন্ন উন্নয়ন কাজ সম্পন্ন করার জন্য ৩৩৪ কোটি ৪৬ লক্ষ টাকার প্রকল্প পাশ হয়েছে। সোমবার (১ ডিসেম্বর ২০২৫) রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন মাননীয় প্রধান উপদেষ্টা ও একনেক চেয়ারপারসন অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সভা শেষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। এক বার্তায় উপাচার্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও এলাকাবাসীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, এটি আমাদের জন্য এক ঐতিহাসিক মুহূর্ত।



২. আইসিআরএ-বিডি প্রজেক্টের আন্তর্জাতিক সেমিনারের টেকনিক্যাল সেশনে প্রধান অতিথি হিসেবে অংশ নিয়ে তিনি এ মত দেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। মঙ্গলবার (২ ডিসেম্বর ২০২৫) রাজধানীর সোনারগাঁও হোটেলে 'ইন্টারন্যাশনাল সেমিনার অন ফারমার্স ক্যাপাসিটি বিল্ডিং ইনেশিয়েটিভস্ ফর ক্লাইমেট রেসিলিয়েন্ট এগ্রিকালচার ইন বাংলাদেশ, থ্রু লো-কার্বন ইকোসিস্টেমস' শীর্ষক আন্তর্জাতিক এ সেমিনারের আয়োজন করা হয়। উন্নয়ন সংস্থা ANTAR, AJI-CLE জাপান এবং RYOBI সিস্টেমস্ জাপান যৌথভাবে সেমিনারটি আয়োজন করে।



৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইলকে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়েছে। তৃতীয় একাডেমিক ভবন ও কেন্দ্রীয় গবেষণাগারসহ উন্নয়ন প্রকল্প একনেকে অনুমোদন পরবর্তী সৌজন্য সাক্ষাতে এ শুভেচ্ছা জানান তারা। বুধবার (০৩ ডিসেম্বর ২০২৫) নোবিপ্রবি উপাচার্যের কার্যালয়ে এ ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়।



৪. সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৩ ডিসেম্বর ২০২৫) বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে ওই দোয়া ও মিলাদের আয়োজন করা হয়। এতে উপস্থিত থেকে বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ভাইস চেয়ারম্যান ও নোয়াখালী-৪ আসনের সাবেক সংসদ সদস্য মোহাম্মদ শাহজাহান ও নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষার্থীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে ইতিমধ্যে ইনোভেশন হাব অনুমোদন হয়েছে বলে জানিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। তিনি বলেন, আমাদের শিক্ষার্থীদের মাঝে ইনোভেশন দক্ষতা সৃজন করতে হবে। শিক্ষার্থীদের যদি আমরা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এবং মেশিন লার্নিং বিষয়ে যোগ্য করে তৈরী করতে না পারি, তারা ইন্ডাস্ট্রিতে পিছিয়ে যাবে। নোবিপ্রবিতে ইনোভেশন হাব তৈরীর মাধ্যমে আমরা একাডেমিয়া-ইন্ডাস্ট্রি সম্পর্ক গড়তে চাই। বৃহস্পতিবার (৪ ডিসেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে 'স্কিল এন্ড ইনোভেশন: দ্যা ব্রিজ বিটুইন টুডে'স স্কিল এন্ড টুমরো'স ইকোনমি' শীর্ষক প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।



৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের 'কুয়াশা কার্নিভাল-২০২৫' এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বুধবার (১০ ডিসেম্বর ২০২৫) নোবিপ্রবি ট্যুরিজম ক্লাবের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এ কার্নিভাল অনুষ্ঠিত হয়।



৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ইংরেজি বিভাগের ১০ম ব্যাচের ফেয়ারওয়েল অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১০ ডিসেম্বর ২০২৫) বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে ইংরেজি বিভাগের আয়োজনে এ ফেয়ারওয়েল অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক ও এলামনাইদের অংশগ্রহণে 'ফ্রম স্টুডেন্ট টু স্টেকহোল্ডার: দ্যা রোল অব অ্যালামনাই ইন ইনস্টিটিউশনাল সাকসেস' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১০ ডিসেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে আয়োজিত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে ‘কমপ্রিহেনসিভ ট্রেনিং অন প্রকিউরমেন্ট এন্ড ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ইজিপি)’ শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১১ ডিসেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত এ প্রশিক্ষণে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ।



১০. পরিবেশ সুরক্ষা, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়ন ও সবুজ পৃথিবী গড়ে তুলতে বিশ্ববিদ্যালয়গুলোকে নেতৃত্বের ভূমিকায় আসতে হবে বলে মন্তব্য করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ভাইস চ্যান্সেলর (ভিসি) অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। তিনি বলেন, শিক্ষা ও গবেষণার সঙ্গে পরিবেশবান্ধব নীতি ও চর্চা সংযুক্ত না হলে টেকসই ভবিষ্যৎ নিশ্চিত করা সম্ভব নয়।




১১. নেদারল্যান্ডসের ইউট্রিচ বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দলের সঙ্গে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্যের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (১২ ডিসেম্বর ২০২৫) রাজধানীর হোটেল ইন্টার কন্টিনেন্টালে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে বায়ু দূষণ, বায়ু দূষণজনিত স্বাস্থ্যঝুঁকি এবং বিশেষ করে ট্রাফিক পুলিশের স্বাস্থ্য সুরক্ষা ও সচেতনতা বিষয়ে বিস্তারিত মতবিনিময় হয়। এ সময় বায়ু দূষণ প্রতিরোধে গবেষণাভিত্তিক কার্যক্রম, তথ্য বিনিময় ও ভবিষ্যতে যৌথভাবে কাজ করার সম্ভাবনা নিয়ে আলোচনা করা হয়। ইউট্রিচ বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দলের মধ্যে ছিলেন গ্লোবাল হেলথ অ্যান্ড এক্সপোসোম ও প্ল্যানেটারি হেলথ রিসার্চ গ্রুপের ইউএমসি ইউট্রিচের সিনিয়র রিসার্চার, সাটা-আর্থ লিয়াজোঁন (ইসি/ইরাসমাস প্লাস) প্রকল্পের প্রজেক্ট লিডার এবং ইউট্রিচ বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক জর্জ ডাউনওয়ার্ডসহ তার গবেষক দল।



১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মর্যাদায় শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে রোববার (১৪ ডিসেম্বর ২০২৫) জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মরণে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এসময় আরও শ্রদ্ধা নিবেদন করেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হনিফ ও রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী।




১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে সেন্টার ফর অ্যাটমোস্ফিয়ারিক পলিউশন স্টাডিজের (ক্যাপস) সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। বায়ুদূষণ রোধ, পরিবেশ সংরক্ষণ ও একাডেমিক গবেষণার মানোন্নয়নের লক্ষ্যে রোববার (১৪ ডিসেম্বর ২০২৫) উপাচার্যের সম্মেলন কক্ষে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারকে নোবিপ্রবির পক্ষে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল ও ক্যাপসের পক্ষে প্রতিষ্ঠানটির চেয়ারম্যান অধ্যাপক ড. আহমদ কামরুজ্জমান মজুমদার স্বাক্ষর করেন।




১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে (নোবিপ্রবি) ক্যাশলেস ক্যাম্পাস হিসেবে গড়ে তুলতে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি) এবং উপায় এর সঙ্গে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। সোমবার (১৫ ডিসেম্বর ২০২৫) রাজধানীর গুলশানে ব্যাংকটির কর্পোরেট অফিসে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি-এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা (এমডি ও সিইও) জনাব মোহাম্মদ মামদুদুর রশীদ, নোবিপ্রবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী, ইউসিবির সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও চিফ কমিউনিকেশন অফিসার জনাব জিশান কিংশুক হক ও কুমিল্লা-নোয়াখালী অঞ্চলের আঞ্চলিক প্রধান জনাব মোহাম্মদ শফিকুল ইসলামসহ উভয় প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।



১৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বর্ণাঢ্য আয়োজনে মহান বিজয় দিবস পালিত হয়েছে। মঙ্গলবার (১৬ ডিসেম্বর ২০২৫) দিনব্যাপী নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বিজয় দিবস উপলক্ষে সকালে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়। এ সময় বেলুন উড়িয়ে কর্মসূচির উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এরপর প্রশাসনিক ভবনের সামনে থেকে বিজয় দিবসের বর্ণাঢ্য র‍্যালি বের হয়। র‍্যালিটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শহিদ মিনারে গিয়ে শেষ হয়। এরপর নোবিপ্রবি শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ ও সশস্ত্র সালাম প্রদানের মাধ্যমে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, রেজিস্ট্রার, বিভাগের চেয়ারম্যান, হল প্রভোস্ট, প্রক্টর, বিভিন্ন আবাসিক হল, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর, বিভিন্ন অফিস, সাদাদলের শিক্ষক, কর্মকর্তা পেশাজীবী ফোরাম, কর্মচারীবৃন্দ, বিভিন্ন ক্লাব ও সংগঠনের পক্ষ থেকে শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।




১৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যৌথ উদ্যোগে মাদক প্রতিরোধ বিষয়ক 'ইয়ুথ এংগেজমেন্ট এন্ড রিসার্চ ইনিশিয়েটিভ ২০২৫' শীর্ষক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর ২০২৫) নোবিপ্রবির বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর সঙ্গে নোবিপ্রবিতে কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর ২০২৫) বিকেল ৪টায় উপাচার্যের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। নোবিপ্রবি উপাচার্যের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ।



১৮. ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান বিন হাদির মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। শুক্রবার (১৯ ডিসেম্বর ২০২৫) এক বার্তায় তিনি এ শোক প্রকাশ করেন। দুর্বৃত্তদের গুলিতে আহত শরিফ ওসমান বিন হাদি বৃহস্পতিবার সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় মারা যান।




১৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) তারুণ্যের উৎসব উদযাপন, কৃতী শিক্ষার্থী ও গুণীজন সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (১৯ ডিসেম্বর ২০২৫) নোবিপ্রবির বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে বৃহত্তর নোয়াখালী কল্যাণ সমিতি, ঢাকা'র আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব জনাব মো. ইসমাইল জবিউল্লাহ। বৃহত্তর নোয়াখালী কল্যাণ সমিতির সভাপতি মির্জা গালিব আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব জনাব রেহানা পারভীন, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব জনাব মো. মিজানুর রহমান, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) পরিচালক (অর্থ ও ক্রয়) অধ্যাপক মোহাম্মদ মনির হোসেন পাটওয়ারী। অন্যান্য অতিথিদের মধ্যে ছিলেন নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ।




২০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে বিদেশে উচ্চ শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২২ ডিসেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে 'হায়ার স্টাডিজ অ্যাবরোড- এ ব্রিজ টু রিসার্চঃ পারস্পেকটিভ, প্রিপারেশন এন্ড অ্যাভিনিউস' শীর্ষক এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।



২১. ইনকিলাব মঞ্চের মুখপাত্র শহিদ শরিফ ওসমান বিন হাদির রুহের মাগফিরাত কামনায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবিতে) মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২২ ডিসেম্বর ২০২৫) নোবিপ্রবি কেন্দ্রীয় মসজিদে বাদ যোহর এ মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। মিলাদ শেষে সংক্ষিপ্ত আলোচনায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, 'ইনকিলাব মঞ্চের মুখপাত্র শহিদ শরিফ ওসমান বিন হাদির মৃত্যুতে আমরা নোবিপ্রবি পরিবার গভীরভাবে শোকাহত। আমি তাঁর রুহের মাগফিরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি। আল্লাহ তাকে শহিদের মর্যাদায় জান্নাতবাসী করুন। অন্যায়ের বিরুদ্ধে তার সাহসী ভূমিকা এ দেশের মানুষ চিরকাল মনে রাখবে। আমি এ নৃশংস হত্যাকান্ডের সঙ্গে জড়িতদের দ্রুত বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করছি।



২২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ৬৮তম রিজেন্ট বোর্ড সভা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ঢাকায় ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪